গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা
www.shed.gov.bd

## ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ বেলায়েত হোসেন তালুকদার
অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও চিফ ইনোভেশন অফিসার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

তারিখ : ২৮ জুন, ২০২২ খ্রিস্টাব্দ।

সময় : বিকাল ৩.০০ মিনিট।

সভার স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ।

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট 'ক'

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি ইনোভেশন টিমের দায়িত্বপ্রাপ্ত নতুন সদস্য সচিব ও উপসচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা) কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব প্রথমে ২০ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়। তিনি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশিত ই-গর্ভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম মোতাবেক সকল কার্যক্রম নির্ধারিত সময়ে বাস্তবায়িত হয়েছে যা নিম্নরূপ:

| ক্রম | কর্মসম্পাদন ক্ষেত্র | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | লক্ষ্যমাত্রা | বাস্তবায়নের তারিখ/একক |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | [১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | [১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | [১.১.১] একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | তারিখ | ১৬/০৩/২০২২ | ১৫/০৩/২০২২ |
| | | [১.২] সেবা সহজিকরণ | [১.২.১] একটি সেবা সহজিকৃত | তারিখ | ২৫/০২/২০২২ | ২৪/০২/২০২২ |
| | | [৩.১] সেবা ডিজিটাইজেশন | [১.৩.১] ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত | তারিখ | ৩০/১২/২০২১ | ৩০/১২/২০২১ |
| | | [১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা | [১.৪.১] সভা আয়োজিত | তারিখ | ৩০/০৮/২০২১ | ২৯/০৮/২০২১ |
| | | [১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি | [১.৪.১] ই-ফাইলে নোট নিস্পত্তিকৃত | % | ৮০% | ৮০% |
| | | [১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন | [১.৬.১] সভা/কর্মশালা আয়োজিত | সংখ্যা | ৪ | ৪ টি কর্মশালা |
| ২ | [২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি | [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.১.১] তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদকৃত | সংখ্যা | ৪ | ৪ (হালনাগাদকৃত) |
| | | | [২.১.২] বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত | সংখ্যা | ৪ | ৪ (হালনাগাদকৃত) |

| ক্রম | কর্মসম্পাদন ক্ষেত্র | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | লক্ষ্যমাত্রা | বাস্তবায়নের তারিখ/একক |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ৪ | ৪ টি প্রশিক্ষণ |
| | | | [২.২.২]ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | % | ৮০% | ৮৫.৯১% |
| | | | [২.২.৩] কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত | সংখ্যা | ৪ | ৪টি সভা |
| | | | [২.২.৪] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/ ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত | তারিখ | ১৩/০১/২০২২ | ১৩/০১/২০২২ |
| | | | [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত | সংখ্যা | ৩০/০৫/২০২২ | ৩০/০৫/২০২২ |

৩. তিনি আরো জানান যে, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবশিষ্ট ০২টি কর্মশালা এবং ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অবশিষ্ট ০২টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। এছাড়া দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন সংক্রান্ত কার্যক্রমটি বাস্তবায়নের লক্ষ্যে চাঁদপুর সরকারি কলেজ কর্তৃক গৃহিত উদ্ভাবনী কার্যক্রম পরিদর্শনের জন্য চাঁদপুর জেলা পরিদর্শন করা হয়েছে। "PIMS" (Personal Information Management Software) সফটওয়্যার বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ১৫০ জন কর্মকর্তা-কর্মচারীকে মোট ৬টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ আগামী ১৪ জুলাই ২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে।

৪. সভাপতি ২০২১-২২ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার সকল কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য ইনোভেশন টিমের সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন যে, কার্যক্রম বাস্তবায়নই যথেষ্ট নয়। বাস্তবায়নের স্বপক্ষের প্রমাণকগুলি নির্ধারিত তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। পরবর্তীতে সভায় ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

৫. সিদ্ধান্তসমূহ:

৫.১ ২০২১-২২ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ আগামী ১৪ জুলাই ২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

৫.২ ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৬.	সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৮/০৪/২২

(মোঃ বেলায়েত হোসেন তালুকদার)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
ও
চিফ ইনোভেশন অফিসার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৫.২১-১২৮

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৯ / ২৮ জুন ২০২২

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল)।
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৩. উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৪. উপসচিব (প্রশিক্ষণ শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৫. উপসচিব (সরকারি কলেজ-২ শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৬. উপসচিব (বেসরকারি মাধ্যমিক-১ শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৭. সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৮. প্রোগ্রামার (আইসিটি অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

28/6/2022

(মোঃ নূর-ই-আলম)
উপসচিব
ফোন: ৯৫১২২০৫
apa@moedu.gov.bd